বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব
সম্পদ উন্নয়ন এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**বিগত ১৯ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২৪) সভার কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) |
| সভার তারিখ | **১৯ নভেম্বর ২০২৪ খ্রিঃ।** |
| সভার সময় | **সকাল ১০.৩০ ঘটিকা।** |
| স্থান | পানি ভবন, লেভেল ১, রুম নং-১০৭ |
| উপস্থিতি | সংযুক্তি ১ সদয় দ্রস্টব্য। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি **সংযুক্তি ০১** সদয় দ্রষ্টব্য।সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য, জনাব মীর আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী (পুর) বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত দপ্তরসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষনের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মঈনুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ বাপাউবো'র ওয়েবসাইটে নির্দিষ্ট ট্যাবে আপলোডের বিষয়ে তার মতামত প্রকাশ করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী ত্রৈমাসিকের গৃহীত কার্যক্রমের অণুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়।

**উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করেঃ**

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এ বর্ণিত সেবাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম হালনাগাদ করতে হবে।

২। কার্যক্রম ২.২ এ বর্ণীত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ অদ্য ২য় ত্রৈমাসিকে সম্পন্ন করতে হবে

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CC 2nd qrtr_monitoring committee meeting attendance 24-25

০২-১২-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৪৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।
৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

০২-১২-২০২৪
মোঃ ওয়াহিদ হোসেন
প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)